

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৬৬৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৬২]

১৪। সিয়াম (রোযা) (کتاب الصیام)

পরিচ্ছেদঃ ৪০. লায়লাতুল ক্বদর-এর ফ্যীলত, এর অনুসন্ধানের প্রতি উৎসাহ প্রদান, তা কখন হবে তার বর্ণনা এবং তার অনুসন্ধানের সবচেয়ে আশাব্যঞ্জক সময়

باب فَضْل لَيْلَةِ الْقَدْرِ وَالْحَتِّ عَلَى طَلَبِهَا وَبَيَانِ مَحَلِّهَا وَأَرْجَى أَوْقَاتِ طَلَبِهَا

আরবী

وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا شُعْبَةُ، قَالَ سَمِعْتُ عَبْدَةَ، بْنَ أَبِي لُبَابَةَ يُحَدِّثُ عَنْ زِرِ بْنِ حُبَيْشٍ، عَنْ أَبِي بْنِ كَعْبٍ، _ رضى الله عنه _ قَالَ قَالَ أَبِي أَبِي لُبَابَةَ يُحَدِّثُ عَنْ زِرِ بْنِ حُبَيْشٍ، عَنْ أَبِي بْنِ كَعْبٍ، _ رضى الله عنه _ قَالَ قَالَ أَبِي فِي لَيْلَةِ الْقَدْرِ وَاللَّهِ إِنِّي لأَعْلَمُهَا _ قَالَ شُعْبَةُ وَأَكْبَرُ عِلْمِي _ هِيَ اللَّيْلَةُ الَّتِي أَمَرَنَا وَلَا اللهُ عَلِيه وسلم بِقِيَامِهَا هِيَ لَيْلَةُ سَبْعٍ وَعِشْرِينَ . وَإِنَّمَا شَكَّ شُعْبَةُ فِي رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم . قَالَ وَحَدَّثَنِي بِهَا مَا الله عليه وسلم . قَالَ وَحَدَّثَنِي بِهَا صَاحِبٌ لِي عَنْهُ .

বাংলা

২৬৬৮-(২২১/...) মুহাম্মাদ ইবনুল মুসান্না (রহঃ) উবাই ইবনু কা'ব (রাযিঃ) কদরের রাত সম্পর্কে বলেন, আল্লাহর শপথ! কদরের রাত সম্পর্কে আমি খুব ভাল করেই জানি। শু'বাহ বলেন, আমার জানামতে তা হচ্ছে, সে রাত যে রাতে জেগে ইবাদাত করার জন্য রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নির্দেশ দিয়েছেন। তা হচ্ছে রমযানের ২৭তম রজনী। "তা হচ্ছে সে রাত, যে রাতে ইবাদাত করার জন্য রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নির্দেশ দিয়েছেন।" এ বাক্যটুকু সম্পর্কে শুবাহ সন্দেহে পতিত হয়েছেন এবং বলেছেন, আমার এক বন্ধু তার শায়খের সূত্রে আমার নিকট ঐ কথা বর্ণনা করেছেন। (ইসলামিক ফাউন্ডেশন ২৬৪৫, ইসলামীক সেন্টার ২৬৪৪)

English

Zirr b. Hubaish reported that Ubayy b. Ka'b (Allah be pleased with him) said about Lailat-ul-Qadr:

By Allah, I know well about it. Shu'ba said: To the best of my knowledge it



was the twenty-seventh night for which the Messenger of Allah (ﷺ) commanded us to stand for prayer. Shu'ba doubted these words: That it was the night for which the Messenger of Allah (ﷺ) commanded us to stand for prayer. And (he further) said: This was narrated to me by a friend of mine from him (the Holy Prophet).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন